শাহজালালে দুই বিমানকর্মীর জুতায় মিলল ১৬ কোটি টাকার স্বর্ণ



ছবি: সংগৃহীত

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দুই বিমানকর্মীর জুতার ভেতর থেকে ৯ দশমিক ৩৪ কেজি স্বর্ণের ৮০টি বার উদ্ধার করেছে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদফতর (সিআইআইডি)। উদ্ধার হওয়া স্বর্ণের আনুমানিক মূল্য ১৬ কোটি ২৫ লাখ টাকা।

রোববার (৪ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় সংস্থাটি। গোপন সংবাদের ভিত্তিতে বিমানবন্দরে অভিযান চালিয়ে দুবাই থেকে আসা এমিরেটসের ইকে-০৫৮২ ফ্লাইটের দুই কর্মীর জুতায় বিশেষভাবে লুকানো স্বর্ণগুলো পাওয়া যায়।

সিআইআইডি জানায়, উদ্ধার হওয়া প্রতিটি বারের ওজন প্রায় ১১৭ গ্রাম। জুতার ভেতরে স্বর্ণ লুকিয়ে আনার ঘটনায় কারা জড়িত, স্বর্ণ কোথা থেকে এসেছে এবং কোথায় নেওয়ার কথা ছিল এসব বিষয় তদন্ত করা হচ্ছে।

LENS ASIA